বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

**Better me- better BKB**

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ/(শানিব্যউবি) পরিপত্র নং-১৭/২০১৬

তারিখঃ ২৪ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ / ০৯ অক্টোবর, ২০১৬ খ্রিষ্টাব্দ

১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
২। মহাব্যবস্থাপক,স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
৪। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৫। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকদের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি|
(Agricultural & Rural Credit Policy and
Programme for the FY 2016-2017)

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর কৃষি ঋণ বিভাগের ৩১ জুলাই, ২০১৬/১৬ শ্রাবণ, ১৪২৩ তারিখের এসিডি সার্কুলার নং-০১ মূলে প্রাপ্ত ২০১৬-২০১৭ অর্থ বছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির পুস্তিকা আপনাদের সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদ্‌সংগে প্রেরণ করা হলো(কপি সংযুক্ত)। কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির নির্দেশনা মোতাবেক ঋণ নিয়মাচার যথাযথ অনুসরণপূর্বক ২০১৬-২০১৭ অর্থ বছরের ঋণ বিতরণ কর্মসূচী সাফল্যমন্ডিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

০২। ২০১৬-২০১৭ অর্থ বছরের কৃষি/পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির পুস্তিকায় সকল ব্যাংকের জন্য অনুসরণীয় স্বল্পমেয়াদি কৃষি (ফসল) ঋণ/বিনিয়োগের একটি অভিন্ন নমুনা আবেদন ফরম সংযোজন করা হয়েছে (পরিশিষ্ট-ঘ)। উল্লেখ্য, যারা জমি ভাড়া নিয়ে মৌসুমওয়ারী ফসল উৎপাদন করেন তাদের ক্ষেত্রে যথাযথ নিয়ম অনুসরণপূর্বক ফসল উৎপাদনের ঋণ নিয়মাচার (পরিশিষ্ট-'ঙ') এর ১০নং কলাম প্রযোজ্য হবে এবং যারা নিজস্ব মালিকানাধীন জমিতে চাষাবাদ করেন তাদের ক্ষেত্রে উপরোক্ত ১০নং কলাম প্রযোজ্য হবে না। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক,আঞ্চলিক ব্যবস্থাপক ও শাখা ব্যবস্থাপগণকে ঋণ মঞ্জুরীর সময় এ বিষয়ের প্রতি বিশেষ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হলো।

০৩। কৃষি ঋণ বিতরণে কোন অবস্থায়ই দীর্ঘসূত্রীতা অবলম্বন করা যাবে না। ঋণ বিতরণে গতিশীলতা আণয়নপূর্বক স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করতে হবে। কৃষি ঋণ বিতরণে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিতকল্পে শাখার আওতাধীন নির্ধারিত স্থানে (ইউনিয়ন পরিষদ, স্কুল প্রাঙ্গন ইত্যাদি) ইউনিয়নের চেয়ারম্যান/মেম্বার,শিক্ষক,এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে প্রকাশ্যে কৃষি ঋণ বিতরণের ব্যবস্থা করতে হবে। এলাকার কৃষকগণ যাতে তাদের চাহিদা ও প্রাপ্যতা অনুযায়ী হয়রানীমুক্তভাবে সময়মত কৃষি ঋণ পেতে পারেন সে লক্ষ্যেও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। কৃষি ঋণ বিতরণে কোন রকম দুর্নীতি ও অনিয়ম পরিলক্ষিত হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৪। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে অঞ্চলাধীন সকল শাখায় শিরোনামে বর্নিত বিষয়ে পুস্তিকা সরবরাহপূর্বক শাখা পরিদর্শনকালে শাখাসমূহ কর্তৃক কৃষি ঋণ বিতরণে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন/অনুসরণ করা হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ-বর্ণনামতে।

০৯/১০/১৬
( মোঃ আফজাল করিম)
মহাব্যবস্থাপক
(পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ)
ফোনঃ ৯৫৭৪৭৩৭

নং-প্রকা/শানিব্যউবি-১(০৪)/২০১৬-২০১৭/৩৭৩(১২৫০) তারিখ ঃ ০৯-১০-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

(এ,আর,মামুন) ০৯/১০/১৬
উপ- মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫

Shajahan-agm-Busines Target 2015-2016